দৈনিক আমাদের সময়

তারিখ 25 JUN 2016
পৃষ্ঠা 2 কলাম 7

# প্রতিটি উপজেলায় টেকনিক্যাল স্কুল হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ● শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সুযোগ প্রসারিত করতে সরকার প্রতিটি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে। গতকাল তেজগাঁওয়ে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের বঙ্গবন্ধু মিলনায়তনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের সঙ্গে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রথম পর্যায়ে ১০০ উপজেলায় এ ধরনের টেকনিক্যাল স্কুল স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ে অবশিষ্ট ৩৮৯টিতে স্থাপনের লক্ষ্যে গৃহীত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। তিনি বলেন, সরকারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২০ সাল নাগাদ মোট শিক্ষার্থীর ২০ শতাংশ কারিগরি শিক্ষায় নিয়ে আসা গেলে দেশে বেকারত্ব অনেকাংশে দূর হবে।

অনুষ্ঠানে ১১৯টি সরকারি পলিটেকনিক ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষগণ কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অশোক কুমার বিশ্বাসের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী।